অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ এবং ডেল্টা এয়ারলাইন্স লাগার্ডিয়া বিমানবন্দরে ডেল্টার নতুন টার্মিনাল C খোলার ঘোষণা করলেন, যা একটি সম্পূর্ণ নতুন LGA-র কাজকে শেষের কাছাকাছি নিয়ে গেলো

4 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনালটি খুলে দেওয়ার অর্থ হলো লাগার্ডিয়া বিমানবন্দরের প্রতিটি যাত্রী 25 বছরের মধ্যে দেশের প্রথম নতুন বড় বিমানবন্দরে বিশ্বমানের সুযোগসুবিধা ব্যবহার করবে

বিস্তৃত নতুন টার্মিনাল C আকারে এটি যেই দুইটি টার্মিনালকে প্রতিস্থাপন করেছে তাদের প্রায় দ্বিগুণ, এখানে মেঝে থেকে সিলিং পর্যন্ত জানালা, একবিংশ শতাব্দীর প্রযুক্তি এবং স্থানীয়ভাবে অনুপ্রাণিত কনসেশন থাকবে

কুইন্স জাদুঘরের সাথে একটি অংশীদারিত্বে, স্থানীয় শিল্পীদের উদ্দীপক স্থানীয় শিল্পকর্ম নিউ ইয়র্কের অভিবাসী ইতিহাস এবং সাংস্কৃতিক বৈচিত্র্যকে তুলে ধরে

নতুন টার্মিনাল C-র ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষের (Port Authority of New York and New Jersey) নির্বাহী পরিচালক রিক কটন এবং ডেল্টা এয়ারলাইনসের (Delta Air Lines) প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্টিয়ান আজকে ডেল্টার নতুন টার্মিনাল C (Terminal C) খুলে দেওয়ার ঘোষণা করলেন, যার কাজ শেষ হওয়ার মাত্র ছয় বছর পরে ৪ বিলিয়ন মার্কিন ডলারের সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দরের (LaGuardia Airport, LGA) কাজ প্রায় পুরো শেষ হলো। 4 জুন উদ্বোধন হতে যাওয়া টার্মিনাল C এবং এই বছরের শুরুর দিকে নতুন টার্মিনাল B-র (Terminal B) শেষ হওয়ার অর্থ হলো ল্যান্ডমার্ক করা ম্যারিন এয়ার টার্মিনাল (Marine Air Terminal) বাদে এখন বিমানবন্দরে আগমন বা প্রস্থানের সময় নতুন, বিশ্বমানের বিমানবন্দরের সুযোগসুবিধা উপভোগ করবে। 4 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে তৈরি টার্মিনাল C, যার মধ্যে নতুন রাস্তা ও সমর্থক অবকাঠামোর জন্য বন্দর কর্তৃপক্ষের 500 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, একটি বিমানবন্দর ফ্যাসিলিটিতে ডেল্টার সর্বকালের সর্বোচ্চ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। আজকের মাইলফলকের সাথে সাথে, যা জানুয়ারি মাসে গভর্নর যখন বিমানবন্দরের নতুন টার্মিনাল B উদযাপন করেছিলেন তার অল্প কিছু মাস পরেই হচ্ছে, একটি সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দর 25 বছরেরও বেশি সময়ে দেশের প্রথম প্রধান নতুন বিমানবন্দর হলো।

"আন্তর্জাতিকভাবে এর সৌন্দর্যের জন্য পরিচিত একটি বিশ্বমানের গন্তব্য হিসেবে লাগার্ডিয়া বিমানবন্দরের রূপান্তর হলো নিউ ইয়র্কের নতুন যুগ নিয়ে আমাদের সাহসী দূরদৃষ্টির একটি অবিচ্ছেদ্য অংশ," **গভর্নর হোকল বলেন।** "ডেল্টার 4 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল C খুলে দেওয়া হলে তা একটি অত্যাধুনিক যাত্রী অভিজ্ঞতা প্রদান করবে, সংযোগ সহজ করবে এবং একটি দীর্ঘস্থায়ী ছাপ ফেলবে। আমরা যখন নিউ ইয়র্কের উপযুক্ত একটি সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দর তৈরির কাজ শেষ করছি, তখন আজকের মাইলফলককে সম্ভব করার জন্য কাজ করার সকলকে অভিনন্দন।"

একটি নতুন টার্মিনাল C অভিজ্ঞতা যা আধুনিক বিমানযাত্রার মানদণ্ড স্থির করে দেয়

1.3 মিলিয়ন বর্গফুটের নতুন, অত্যাধুনিক টার্মিনাল C, এটি যেই দুইটি টার্মিনালকে প্রতিস্থাপিত করেছে তাদের থেকে 45 শতাংশ বড় হবে, এখানে একটি একবিংশ শতাব্দীর আগমন ও প্রস্থান হলের ভেতর দিয়ে 37টি গেটে যাওয়া আসা করা যাবে। পুরো টার্মিনালে মেঝে থেকে সিলিং পর্যন্ত জানালা রয়েছে যা দিনের বেলা এটির প্রাকৃতিক আলোয় পূর্ণ থাকা নিশ্চিত করবে। টার্মিনাল C নকশা করা হয়েছে সেরা সম্ভব কর্মদক্ষতা এবং গতির জন্য, যার ফলে যাত্রীরা দ্রুত এবং সজ্ঞাতভাবে এক গেট থেকে আরেক গেটে, হ্যান্ডসফ্রি ব্যাগ ড্রপ এবং ডিজিটাল আইডি স্ক্রিনিং ক্ষমতাসহ সর্বশেষ প্রযুক্তি ব্যবহার করতে পারবে। একটি কার্বসাইড চেকইন ভবন থাকার ফলে ইতিমধ্যে চেকইন করা যাত্রীরা আরো দ্রুত নিরাপত্তা স্ক্রিনিং এলাকায় যেতে পারবে। প্রস্থান হলটি রয়েছে 36টি সম্পূর্ণ-সেবার চেকইন কাউন্টার, 49টি স্ব-সেবার কিয়স্ক এবং 16টি ব্যাগ-ড্রপ কাউন্টার। একটি আরো বড় এবং একত্রিত নিরাপত্তা এলাকায় 11টি স্ক্রিনিং লেন থাকবে এবং এখানে ভবিষ্যতে আরো পাঁচটি অতিরিক্ত লেন যোগ করার স্থান আছে, এখানে যাত্রীর নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদান করে স্ক্রিনিং ত্বরান্বিত করার প্রযুক্তি থাকবে। পরিবহন নিরাপত্তা প্রশাসন (Transportation Security Administration, TSA) কিউয়ে ডাইনামিক সাইনেজ থাকবে যা যাত্রীদের অপেক্ষার সময় দেখাবে এবং যাত্রীর চাহিদা অনুযায়ী কিউইং জোন ঠিক করতে দিবে। আগমন পর্যায়ে, যাত্রীরা পাঁচটি ব্যাগেজ ক্যারাসোলের একটি থেকে তাদের লাগেজ ফেরত নিতে পারবে। নতুন টার্মিনালে 13টি রেস্টরুম আছে, যার প্রতিটিতে হাতের স্পর্শ ছাড়া ঢোকার ব্যবস্থা, সিঙ্ক এবং হ্যান্ড ড্রায়ার আছে।

বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "এক কথায় বললে, নতুন টার্মিনাল C মনোমুগ্ধকর, এটি একটি স্থাপত্য রত্ন যা এটি যেই ফ্যাসিলিটিগুলির তুলনায় প্রতিস্থাপিত করেছে তাদের আকার, স্টাইল এবং কার্যকারিতার দিক থেকে অনেক বিশাল। এটি একবিংশ শতাব্দীর বিমানযাত্রার প্রতিনিধিত্ব করে যা সকল ক্ষেত্রে বিশ্বমানের, যা এখন সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দরের ব্যাপারেও বলা যাবে, ছয় বছর আগে যা দেশের সবথেকে নিন্দিতগুলির মধ্যে একটি ছিলো। আমি গভর্নর হোকলকে তার সমর্থনের জন্য, সম্পূর্ণ ডেল্টা দলকে তাদের অক্লান্ত প্রচেষ্টার জন্য এবং নতুন এই বিশ্বমানের বিমানবন্দরটিকে বাস্তবে পরিণত করতে সহযোগিতা করা বন্দর কর্তৃপক্ষের অনেক কর্মীদের ধন্যবাদ জানাচ্ছি।আজকে প্রমাণিত হলো যে আমরা যদি এমন উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যের পেছনে আমাদের সামগ্রিক ইচ্ছা নিযুক্ত করি তাহলে আমাদের অঞ্চল কী অর্জন করতে পারে।"

ডেল্টার প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্টিয়ান বলেন, "আজকে অসাধারণ নতুন এই টার্মিনাল খুলে দেওয়ার সাথে সাথে ডেল্টা কাস্টোমার ও লাগার্ডিয়া হাবে আমাদের কর্মীদের নতুন সূচনা হলো। ডেল্টার নিউ ইয়র্কে বিকাশের অঙ্গীকারের এবং তা জেতার এক দশকের বেশি হয়ে গেছে, এবং আমরা নিউ ইয়র্ক সিটির 1 নম্বর এয়ারলাইন্স হয়ে উঠতে আমাদের প্রচেষ্টায় অটুট আছি। 10,000 নিউ ইয়র্ক ভিত্তিক ডেল্টা মানুষের কল্যাণে আমরা 2010 সাল থেকে নিউ ইয়র্কের বিমানবন্দরসমূহে প্রায় 7 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে পেরেছি, আমাদের নিউ ইয়র্ক কাস্টোমারদেরকে তাদের প্রাপ্য পণ্য ও অভিজ্ঞতা প্রদান করতে পেরেছি, এবং নিউ ইয়র্ক সম্প্রদায়ের বুননের অংশ হয়ে উঠেছি যা আমাদের অনেকের জন্যই অনেক অর্থপূর্ণ।"

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কেভিন ও'টুল বলেন, "বন্দর কর্তৃপক্ষ এর কাস্টোমারদের অভিজ্ঞতা এবং অঞ্চলজুড়ে এর ফ্যাসিলিটিসমূহকে উন্নত করতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ, এবং লাগার্ডিয়া বিমানবন্দরে আমরা দেখছি যে তা সত্যিকারের অসাধারণ ও অনুপ্রেরণাদায়ক উপায়ে বাস্তব আকার ধারণ করছে। ডেল্টার নতুন টারমিনাল C-র নকশা যাত্রী, এয়ারলাইন ও বিমানবন্দরের কর্মীদের জন্য একটি উজ্জ্বল, স্বাগত পরিবেশ সৃষ্টি করে। সম্পূর্ণ লাগার্ডিয়া দল একটি বিশ্বমানের বিমানবন্দর তৈরির জন্য নিরলসভাবে কাজ করেছে, এবং আমরা অত্যন্ত গর্বিত।"

স্থানীয় ও বৈশ্বিক ব্র্যান্ডসহ অনুপ্রেরণাদায়ক কনসেশন বাছাই

কাজ শেষ হওয়া টার্মিনাল C-তে ডেল্টার পূর্বের টার্মিনালগুলির থেকেই 80 শতাংশ বেশি কনসেশন স্থান থাকবে যার মধ্যে 95 শতাংশ নতুন কনসেশন নিরাপত্তার পর অবস্থিত হবে, যার ফলে যাত্রীরা তাদের ফ্লাইটের জন্য অপেক্ষারত অবস্থায় কেনাকাটা ও খাওয়াদাওয়া করতে পারবে। কনসেশনের মধ্যে থাকবে OTG-র সাথে অংশীদারিত্বে স্থানীয় প্রিয় দোকান যেমন, বাবলিস, সানডে সাপের ট্র্যাটোরিয়া, চাকো রামেন পপিস বেগল এবং স্টারবাকস এবং একই সাথে স্টেলার অংশীদারগণ বিশেষায়িত খুচরা বিক্রয়ের দোকান প্রদান করবে যেমন বাজফিড নিউজ/, বেকম্যান 1802, ম্যাক, লে লাবো, ব্রিগস এন্ড রাইলি, প্যাট্রিসিয়া ন্যাশ, বেকম্যান এবং ট্রু টু নিউ ইয়র্ক। এছাড়াও টার্মিনাল C-তে থাকবে সিস্টেমের সবথেকে নতুন এবং সর্ববৃহৎ ডেল্টা স্কাই ক্লাব, যার কাজ শেষ হলে বিশ্রাম ও স্টেজ হওয়ার জন্য 34,000 বর্গফুট স্থান থাকবে, যেখানে প্রায় 600 অতিথি বসতে পারবে।

দুর্দান্ত জনগণের শিল্প যা কুইন্স ও নিউ ইয়র্কের বৈচিত্র্য উদযাপন করবে

কুইন্স জাদুঘরে (Queens Museum) কিউরেট করা অনুপ্রেরণাদায়ক জনগণের শিল্প কুইন্সের সাংস্কৃতিক বৈচিত্র্যকে প্রতিফলিত করবে এবং বিমানবন্দরে চলাচলের সময় যাত্রীদের স্বাগত জানাবে। ছয়টি শিল্পকর্মের শিল্পীরা হলেন মারিয়াম গনি, রশিদ জনসন, আলিজা নিসেনবাম, ভার্জিনিয়া ওভারটন, রনি কুইভেডো, এবং ফ্রেড উইলসন। কাজের মধ্যে রয়েছে ভাস্কর্য এবং অঙ্কিত সিরামিক ম্যুরাল যা ভবনের বহুতল আলোকিত প্রবেশ স্থানজুড়ে, এবং একইসাথে লাগেজ সংগ্রহের স্থান ও পুরো টার্মিনালের অন্যান্য এলাকাজুড়ে রয়েছে। প্রতিটি শিল্পকর্ম একটি মনোযোগ আকর্ষণকারী গল্প বলে শহরের অভিবাসী ইতিহাস, এর মানুষ, এবং পুরো অঞ্চলে বৈচিত্র্য উদযাপন করার গুরুত্বের ব্যাপারে।

স্টেট সিনেটর লিওরি কমরি বলেন, "বিশ্বের সবথেকে মহান শহরের বিশ্বমানের একটি বিমানবন্দর প্রাপ্য, নিউ ইয়র্কবাসী ও আমাদের শহরে বেড়াতে আসা মানুষদের জন্য। গত দুই দশকে নির্মিত প্রথম প্রধান বিমানবন্দর, নতুন লাগার্ডিয়া বিমানবন্দর আমাদেরকে সেই মাপকাঠি অর্জন করতে দেয়। বন্দর কর্তৃপক্ষের তত্ত্বাবধানের দায়িত্বে থাকা সিনেট কমিটির প্রধান হিসেবে, আমি বন্দর, সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (Minority and Women-owned Business Enterprises, MWBE) এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে উন্মুখ, যাতে টার্মিনাল C-র মতো আরো রূপান্তরকারী প্রকল্পকে দক্ষতা ও কার্যকারিতার সাথে হতে দেখতে পারি, যা আমাদের শহর ও আঞ্চলিক অর্থনীতির পুনরুদ্ধারে সাহায্য করবে। আমি গভর্নর হোকল, শ্রম ও বাণিজ্যে আমাদের বন্ধু, এবং এই প্রকল্পের কাজ শেষ করার জন্য কঠিন সময়ের মধ্যে দৃঢ়ভাবে টিকে থাকা সকলকে আমার অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য জেফিরন অব্রি বলেন, "সর্বশেষ আরেকটি টার্মিনালের কাজ শেষ হওয়ার ফলে, নতুন লাগার্ডিয়া বিমানবন্দরটি বিশ্বব্যাপী যাত্রীদেরকে একটি অত্যাধুনিক উন্নয়ন প্রদান করে। এটি খেয়াল করা গুরুত্বপূর্ণ যে লাগার্ডিয়ার নতুন অবকাঠামোটিতে স্থানীয় ব্যবসা ও শিল্পীদের কাজের সংগ্রহ রয়েছে। এইসব স্থানীয় উদ্যোক্তারা সেইসব সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যপূর্ণ জনগোষ্ঠীর প্রতিফলন করে যারা নিউ ইয়র্কের কুইন্সকে নিজেদের বাড়ি বানিয়েছে। স্থানীয় ব্যবসাসমূহ ৪00 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি পেয়েছে এবং একইসাথে MWBE ফার্মগুলি নজিরবিহীন 2 বিলিয়ন মার্কিন ডলারের চুক্তি পেয়েছে। চলুন সামনের দিনগুলিতেও উদ্ভাবনকে স্থানীয় সম্প্রদায়ের সাথে যুক্ত করার এই শক্তিশালী গতিবেগ ধরে রাখি।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "আমি আনন্দিত যে লাগার্ডিয়া বিমানবন্দরের সংস্কার কাজ প্রায় শেষ হয়ে গেছে। নতুন লাগার্ডিয়া যাত্রীদের জন্য একটি দুর্দান্ত নতুন অভিজ্ঞতা নিয়ে আসবে। এর বড়, আলোকিত স্থান, দুর্দান্ত শিল্পকর্ম, ব্যাপকভাবে উন্নত প্রযুক্তি এবং আরো ভালো মানের কনসেশন নিয়ে, নিউ ইয়র্কবাসীদের এবং নিউ ইয়র্কে বেড়াতে আসা মানুষদের খুব দারুণভাবে স্বাগত জানানো হবে। গভর্নর হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ, টার্মিনাল C এবং নতুন লাগার্ডিয়াকে বাস্তবে পরিণত করতে কাজ করা সকল নারীপুরুষকে ধন্যবাদ ও অভিনন্দন।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন, "25 বছরের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম নতুন বিমানবন্দর কাজ প্রায় শেষ বললেই চলে, এবং এটি যে কুইন্সে অবস্থিত তা নিয়ে আমি অনেক বেশি গর্বিত। নতুন লাগার্ডিয়া বিমানবন্দরের চোখ ধাঁধানো সৌন্দর্য ছাড়াও, এই পুনর্বিকাশ প্রকল্পটি কুইন্সের ব্যবসাসমূহকে ৪00 মিলিয়ন মার্কিন ডলার চুক্তি প্রদান পর্যন্ত প্রতিটি ধাপে সম্প্রদায়ভিত্তিক ছিলো, এবং আমি এটি হতে সাহায্য করা আমাদের সকল অংশীদারের প্রতি কৃতজ্ঞ। কুইন্সের ফিরে আসার পথ খুলে গেছে এবং লাগার্ডিয়া তার বাস্তব প্রমাণ।"

NYC পরিষদের (NYC Council) সদস্য ফ্র্যান্সিসকো ময়া বলেন, "আজকে থেকেই শুরু করে, নিউ ইয়র্ক সিটি এখানে বেড়াতে আসা মানুষদের দারুণ উপায়ে বরণ করবে এবং বাসিন্দাদের দারুণ উপায়ে বিদায় জানাবে। আমরা বিশ্বের সবথেকে মহান শহর এবং সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দর বিশ্বের সাথে আমাদের গেটওয়েকে মানসম্পন্ন করলো। যেহেতু

আমি লাগার্ডিয়া বিমানবন্দরে কাজ করে এবং এখন এর প্রতিনিধিত্ব করেছি, তাই আমার সম্প্রদায়ে এই বিশাল বিনিয়োগটি আমাকে গর্বিত করছে। যারা এই প্রকল্পকে ইচ্ছা থেকে বাস্তবে পরিণত করতে কাজ করেছে এবং বিশ্বমানের শোর একটি বিশ্বমানের অভিজ্ঞতার ব্যবস্থা করেছে, তাদের সকলকে অভিনন্দন।"

গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "টার্মিনাল C-র জন্য আজকের মাইলফলক পুরো নিউ ইয়র্কের জন্য একটি বিশাল অর্জন, যেহেতু একটি সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দরের ভিশন বাস্তবে পরিণত করা হয়েছে। আমরা গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের লাখ লাখ পরিশ্রমী সদস্যদের প্রশংসা করছি যারা একটি বিশ্বমানের, এবং শীঘ্রই বিশ্বে সুপরিচিত হতে যাওয়া, বিমানবন্দর নির্মাণে নিজেদের নিবেদন করেছে। এই সফল প্রকল্পের সাথে জড়িত সকলের কল্যাণে, একটি সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া বিমানবন্দর এই বিমানবন্দর থেকে প্রস্থানরত, এখানে আগমনরত এবং এখানে কাজ করা মানুষদের সম্ভাব্য সেরা অভিজ্ঞতা প্রদানে সাহায্য করবে।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির (Partnership for New York City) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন, "নতুন টার্মিনাল C-র কাজ শেষ হওয়া আমাদের শহরে একটি বিশ্বমানের বিমানবন্দর সিস্টেম অর্জনের পথে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক চিহ্নিত করে। এটি অর্জন করা হয়েছে একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে যা পরবর্তী প্রজন্মের নিউ ইয়র্ক অবকাঠামোর জন্য একটি মডেল হিসেবে ব্যবহার করা উচিত।"

কুইন্স চেম্বার অফ কমার্সের (Queens Chamber of Commerce) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস গ্রেচ বলেন, "কুইন্সের সবথেকে পুরনো এবং সর্ববৃহৎ ব্যবসা অ্যাসোসিয়েশন হিসেবে, আমরা গভর্নর হোকল এবং বন্দর কর্তৃপক্ষে আমাদের বন্ধু ও ডেল্টার সাথে একত্রে দাঁড়িয়ে লাগার্ডিয়া বিমানবন্দরে নতুন টার্মিনাল C-র উদ্বোধন উদযাপন ও করতে পেরে অতিশয় আনন্দিত। লাগার্ডিয়াকে আধুনিক করতে ঐতিহাসিক 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি আমাদের অঞ্চলের অর্থনৈতিক পুনরুদ্ধারকে জোরদার করবে। চেম্বারের সদস্যরা, বিশেষ করে MWBEগুলি লাগার্ডিয়ার রূপান্তরে যে ভূমিকা পালন করেছে তা নিয়ে আমরা গর্বিত, যারা কুইন্সকে বিশেষ করেছে যেই ইতিহাস ও বৈচিত্র্য তা প্রদর্শনে একটি দারুণ কাজ করেছে।"

নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেসের (New York Building Congress) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্লো এ. সিসুরা বলেন, "আমরা পুরনো লাগার্ডিয়ার ব্যাপারে সব কৌতুকই জানি, কিন্তু সেগুলি সব বাতিল হয়ে গেছে - সম্ভাব্য সেরা উপায়ে! আজকের নতুন, দুর্দান্ত টার্মিনাল C-র উদ্বোধন হলো ব্যবসা ও বিনোদনের জন্য লাগার্ডিয়ার উপর নির্ভরকারী লাখ লাখ যাত্রীদের একটি সম্পূর্ণ পুনঃকল্পিত বিমানবন্দরের অভিজ্ঞতা প্রদানের দিকে নিয়ে যাওয়ার পরবর্তী পর্যায়। আমাদের দেশে আধুনিক বিমানযাত্রার একটি নতুন মানদণ্ড স্থাপিত হলো, এবং সেটি এই কুইনসেই হলো। আজকের দিনকে বাস্তবে পরিণত করার কাজে জড়িত সকলকে অভিনন্দন, বিশেষ করে গভর্নর হোকলকে, বন্দর কর্তৃপক্ষের পরিচালক রিক কটনকে, ডেল্টার প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্টিয়ানকে, এবং অবশ্যই সেই সকল নারীপুরুষ শ্রমিককে যারা

চমৎকার এই অর্জনটি নির্মাণ করেছে।"

OTG ব্যবস্থাপনার (OTG Management) প্রধান নির্বাহী কর্মকর্তা রিক ব্লাস্টেইন বলেন, "আমরা নতুন টার্মিনাল C-র দীর্ঘ প্রত্যাশিত উদ্বোধনে ডেল্টার সাথে অংশীদারিত্ব করতে পেরে অত্যন্ত আনন্দিত। ডেল্টা শীর্ষমানের সেবাদান করে যাচ্ছে যার সম্পূর্ণ মনোযোগ হলো কাস্টোমার সেবা এবং OTG-ও সেই মূল্যবোধ ধারণ করে। এই টার্মিনালের স্থানীয় অংশীদার নিশ্চিত করার জন্য ডেল্টার সাথে আমাদের কাজ করা গুরুত্বপূর্ণ ছিলো, বিশেষ করে নিউ ইয়র্ক ইলাস্ট্রেটর জন পি. ডেসারিউয়ের সাথে একত্রে কাজ করে নিউ ইয়র্ক শহরের ব্রঙ্কসের আর্থার অ্যাভিনিউয়ের মতো ইতালিয়ান এলাকা থেকে অনুপ্রেরণা গ্রহণ করার জন্য। আমরা ওরওয়াশারস আর্টিসানাল বানস, প্যাট লাফ্রিডা মিটস, কুইন্সভিত্তিক হেলা ককটেল কো, বুচার গার্লস হট ডগস, LIC বিয়ার প্রোজেক্ট প্রদান করতে পেরে এবং হাডসন ভ্যালি থেকে বাবিস, চাকো রামেনের মতো আমাদের স্থানীয় রেস্টুরেন্ট প্রদান করতে পেরেও গর্বিত। আমাদের লক্ষ্য হলো অতিথিদের একটি নিমজ্জিত এবং উচ্চ প্রযুক্তির অভিজ্ঞতা প্রদান করা যা বাস্তবিকভাবেই স্থানীয় রেস্টুরেন্টের খাঁটি কুইজিনের উপর আলোকপাত করে যেগুলি সত্যিকার অর্থে নিউ ইয়র্কের বৈচিত্র্যকে ধারণ করে। আমাদের সর্বশেষ প্রযুক্তি দিয়ে, কাস্টোমারদের কাছে তাদের বিমানবন্দর অভিজ্ঞতা গ্রহণে নমনীয়তা থাকবে যেহেতু তারা তাদের মোবাইল ডিভাইস থেকেই তারা যেখান থেকে যা চায় তা অর্ডার করতে পারবে।"

ইস্ট এলমহার্স্ট করোনা সিভিক অ্যাসোসিয়েশনের (East Elmhurst Corona Civic Association) প্রেসিডেন্ট লারিন্ডা হুকস বলেন, "নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ এবং ডেল্টা ইস্ট এলমহার্স্ট ও করোনার আরো বলেও প্রতিবেশী হয়ে উঠেছে। তারা ইস্ট এলমহার্স করোনা সিভিক অ্যাসোসিয়েশনের সাথে অধ্যবসায়ের সাথে কাজ করেছে বিভিন্ন কমিউনিটি ইভেন্টের সমর্থনে, স্থানীয় বাসিন্দাদের চাকরি পেতে সাহায্য করতে এবং তরুণদের বৃত্তি প্রদান করে। তারা উচ্চমাত্রার নিযুক্তি ও অংশীদারিত্ব বজায় রেখে দীর্ঘমেয়াদে একটি বলিষ্ঠ সম্প্রদায়ের প্রতিবেশী হয়ে থাকতে চায়।"

নেইবারহুড হাউজিং সার্ভিসেস অফ কুইন্স CDC ইনকর্পোরেশনের (Neighborhood Housing Services of Queens CDC Inc.) নির্বাহী পরিচালক ইয়োসেলিন জেনাও এস্ট্রেলা বলেন, "নেইবারহুড হাউজিং সার্ভিসেস অফ কুইন্সের পক্ষে, আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ, এবং ডেল্টা এয়ারলাইন্সকে অভিনন্দন জানাতে চাই, লাগার্ডিয়া বিমানবন্দরে নতুন বিশ্বমানের এই টার্মিনালটি খোলার জন্য, আমরা আশা করছি যে যাত্রীরা এটি উপভোগ করবে এবং এছাড়াও আমরা আস্থা করছি যে আশেপাশের সম্প্রদায়সমূহের বাসিন্দারা লাগার্ডিয়া ক্যারিয়ার কেন্দ্রের কর্মসংস্থান সৃষ্টি দ্বারা লাভবান হতে থাকবে। পাশাপাশি, আমি নেতৃবৃন্দের প্রশংসা করছি সম্প্রদায়ের কথা শুনে স্থানীয় শিল্প প্রদর্শনী স্থাপন করার জন্য, যা কুইন্সের অভিবাসীদের সমৃদ্ধ বৈচিত্র্য ও তাদের মহান অবদান প্রদর্শন ও উদযাপন করবে।"

কাজ শুরু হওয়ার ছয় বছর পর একটি সম্পূর্ণ নতুন LGA-র কাজ প্রায় শেষের পথে

মোট 8 বিলিয়ন মার্কিন ডলারের লাগার্ডিয়া বিমানবন্দর রূপান্তর হলো বিগত 25 বছরের মধ্যে নির্মিত মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রধান বিমানবন্দর। 2015 সালে, একটি সম্পূর্ণ নতুন লাগার্ডিয়া

বিমানবন্দর নির্মাণের একটি সার্বিক পরিকল্পনা উন্মোচন করা হয় যার লক্ষ্য ছিলো একটি বিশ্বমানের, একবিংশ শতাব্দীর যাত্রী অভিজ্ঞতা তৈরি করা, যেখানে থাকবে একদম নতুন টার্মিনাল ও গেট, দুইটি নতুন দারুণ আগমন ও প্রস্থান হল, আধুনিক কাস্টোমারের সুযোগসুবিধা, অত্যাধুনিক স্থাপত্য, আরো প্রশস্ত গেটের এলাকা এবং একটি একত্রিত টার্মিনাল সিস্টেম। ৪ বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটির কাজ শুরু হয় 2016 সালে, যার দুই তৃতীয়াংশ বেসরকারি অর্থায়নে এবং বিদ্যমান যাত্রী ফি দ্বারা অর্থায়িত হয়েছে।

নতুন লাগার্ডিয়া বিমানবন্দর নির্মাণ একটি রেকর্ড সৃষ্টিকারী 2 বিলিয়ন মার্কিন ডলারের চুক্তি সৃষ্টি করেছে যা সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ ফার্মসমূহকে প্রদান করা হয়েছে, এটি নিউ ইয়র্কের ইতিহাসে কোনও সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রকল্পে MWBE ফার্মের সর্ববৃহৎ অংশগ্রহণ। এছাড়াও প্রকল্পটি স্থানীয়ভিত্তিক ঠিকাদারদের সাথে কাজ করার প্রতি উল্লেখযোগ্য মনোযোগ প্রদর্শন করেছে; এখন পর্যন্ত কুইন্সভিত্তিক স্থানীয় ব্যবসা উদ্যোগসমূহকে 800 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি প্রদান করা হয়েছে।

নতুন বিমানবন্দরটি পর্যায়ক্রমে নির্মাণ করা হয়েছে যাতে এটি নিশ্চিত করা যায় যে নির্মাণের সময় কার্যক্রম যাতে পূর্ণরূপে চলতে থাকে এবং ধারণক্ষমতা যাতে হ্রাস না পায়। ঐতিহাসিক ম্যারিন এয়ার টার্মিনাল বাদে সকল বিদ্যমান যাত্রী ফ্যাসিলিটি ভেঙ্গে নতুন একবিংশ শতাব্দীর, বিশ্বমানের ফ্যাসিলিটি দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে, বা হবে।

2018 সালের ফেব্রুয়ারি মাসে, 3,000 এরও বেশি গাড়ি রাখার জায়গা এবং উবার, লিফট ও অন্যান্য ভাড়ায়-চালিত গাড়ি পরিষেবাগুলোর জন্য একটি নির্ধারিত লেভেল সহ নতুন টার্মিনাল বি পার্কিং গ্যারেজ চালু হয়। 2018 সালের ডিসেম্বর মাসে প্রথম 18টি নতুন গেট এবং টার্মিনাল B-তে প্রথম নতুন কনকোর্স চালু করা হয়। 2019 সালের নভেম্বর মাসে, ডেল্টা এর প্রথম নতুন কনকোর্স এবং টার্মিনাল C-র সাতটি নতুন গেট খুলে দেয়। 2020 সালের জুন মাসে, কোভিড-19 মহামারীর কাঠিন্যের মধ্যেই টার্মিনাল B -র আলোকিত নতুন আগমন ও প্রস্থান হল খুলে দেওয়া হয়। টার্মিনাল C খুলে দেওয়ার ফলে, বিমানবন্দরের নতুন রাস্তার নেটওয়ার্কের কাজ 8.4 মাইল নতুন রাস্তা এবং 24টি নতুন সেতু নিয়ে শেষ হচ্ছে। 2022 সালের জানুয়ারি মাসে, বিমানবন্দরটি টার্মিনাল B-র যাত্রী ফ্যাসিলিটির কাজ শেষ হওয়া উদযাপন করে, যার মধ্যে রয়েছে বিমানবন্দরের সিগনেচার স্থাপত্য বৈশিষ্ট্যের একটি, এর দ্বিতীয় পথচারী স্কাইব্রিজ।

নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ একটি দ্বি-স্টেট এজেন্সি যা দেশের সবথেকে গুরুত্বপূর্ণ পরিবহন ও বাণিজ্য অবকাঠামোর অনেকগুলির নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে। এক শতাব্দীর বেশি সময় ধরে, এজেন্সির উড্ডয়ন, সড়ক, রেল, এবং সমুদ্রবন্দর ফ্যাসিলিটির নেটওয়ার্ক দেশের ব্যস্ততমগুলির মধ্যে একটি, এটি 550,000-র বেশি আঞ্চলিক চাকরি সমর্থন করে এবং 23 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক বেতন সৃষ্টি করে এবং 80 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে। বন্দর কর্তৃপক্ষ এছাড়াও 16 একরের বিশ্ব বাণিজ্য কেন্দ্র ক্যাম্পাসটির মালিক এবং এরই ব্যবস্থাপক, এখানে লাখ লাখ বার্ষিক দর্শনার্থী এবং হাজার হাজার অফিস কর্মী এসে থাকে। বন্দর কর্তৃপক্ষ নিউ ইয়র্ক বা নিউ জার্সি কোনও স্টেট থেকে বা নিউ ইয়র্ক সিটি থেকে কোনও কর রাজস্ব পায় না। এজেন্সি প্রাথমিকভাবে তার নিজস্ব ঋণের উপর তার সুবিধা উন্নয়ন, নির্মাণ বা অধিগ্রহণের জন্য

প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করে। নাও এরাইভিং ব্লগ থেকে আরো তথ্য বা আপডেটের জন্য, অনুগ্রহ করে https://www.panynj.gov/blog ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন